দৈনিক ইত্তেফাক

তারিখ 17 JAN 2016
পৃষ্ঠা ৪ কলাম ৬

# অধ্যাপক অশোক কুমারকে পুনর্বহালের দাবিতে ফজলুল হক কলেজে বিক্ষোভ

ইত্তেফাক রিপোর্ট

রাজধানীর সূত্রাপুরে ফজলুল হক মহিলা কলেজ ক্যাম্পাসে বহিরাগতদের প্রবেশ নিষিদ্ধ ও অধ্যাপক অশোক কুমার সাহাকে অধ্যক্ষ পদে পুনর্বহাল করার দাবিতে বিক্ষোভ মিছিল করেছেন শিক্ষার্থীরা। গতকাল শনিবার কলেজ ক্যাম্পাসে বিভিন্ন শ্লোগান সম্বলিত ব্যানার-ফেস্টুন নিয়ে তারা এ বিক্ষোভ করেন।

শিক্ষার্থীরা অভিযোগ করেন, কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ অশোক কুমার সাহাকে অন্যায় ও ষড়যন্ত্রের মাধ্যমে অপসারণ করা হয়েছে। শিক্ষার্থীরা তার পদে তাকে অবিলম্বে পুনর্বহাল, ভাড়াটে লোকজন দিয়ে শিক্ষকদের মারধর, সম্মানহানির বিচার, কলেজে বহিরাগতদের প্রবেশে নিষেধাজ্ঞাসহ কয়েকটি দাবি জানিয়েছেন।

তানজিনা আক্তার নামের এক ছাত্রী অভিযোগ করেন, অধ্যাপক অশোক কুমার সাহাকে অপসারণের পর থেকে ক্যাম্পাসে বহিরাগতরা অবাধে প্রবেশ করে ছাত্রীদের উত্ত্যক্ত করছে। এ ব্যাপারে কলেজ কর্তৃপক্ষ কোন ব্যবস্থাও নিচ্ছে না। তানজিনা জানান, স্যারকে পুনর্বহালের দাবিতে আন্দোলন করায় আমাদের বিভিন্নভাবে হুমকিও দেয়া হচ্ছে।

ফজলুল হক মহিলা কলেজের সিনিয়র শিক্ষক অধ্যাপক অশোক কুমার সাহা ২০১০ সাল থেকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন। কিন্তু ২০১৫ সালের ৬ জুলাই কলেজ ক্যাম্পাসের গাছ কাটাকে কেন্দ্র করে তাকে অপসারণ করে কলেজের উপাধ্যক্ষ দিলারা খানমকে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব দেয়া হয়।